

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 25-04-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Secretary-Doner :

উত্তর-পূর্ব উল্লয়ন মন্ত্রকের সচিব সঞ্জয় জাজু তিনদিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আজ আগরতলায় আসছেন। দুপুরে আগরতলায় পৌঁছে তিনি চলে যাবেন উত্তর জেলার ধর্মনগরে। সেখানে ফুলবারুই-তে আগর চাষের গ্রাম পরিদর্শন করবেন। এরপর তিনি উনকোটি জেলায় ১টি প্রকল্প পরিদর্শন করবেন। আগামীকাল শ্রী জাজু আগরতলায় পি এম ডিভাইনের ১টি প্রকল্প পরিদর্শন করবেন ও সচিবালয়ে ১টি পর্যালোচনা বৈঠকে অংশ গ্রহণ করবেন। পরে তিনি সিপাহীজলা অভয়ারণ্য, বিশ্রামগঞ্জে পি এম ডিভাইন প্রকল্প, নীরমহল, মাতাবাড়ি পরিদর্শন করবেন। ডোনার সচিব ঐদিনই মহারানী ব্যারেজ, ছবিমুড়া ও নারকেলকুঞ্জ পরিদর্শন করবেন।

TTAADC-Oath :

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ অর্থাৎ এডিসির নব নির্বাচিত সদস্যগণ আগামী ২৭শে এপ্রিল শপথ গ্রহণ করবেন। ঐদিন বেলা ১১টায় খুমলুং-স্থিত এডিসির কাউন্সিলিং ভবনে শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। নবনির্বাচিত সদস্য সদস্যদের শপথ বাক্য পাঠ করাবেন আইন সচিব শংকরী দাস।

Mann Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৩তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

National Panchayet Day Observance -MY BHARAT :

জাতীয় পঞ্চায়েত রাজ দিবস উপলক্ষে গতকাল মাই ভারত পশ্চিম ত্রিপুরা জেলা ইউনিটের উদ্যোগে ডুকলি ব্লকের কাঞ্চনমালা গ্রামে ‘মডেল যুব গ্রাম সভা’ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের মূল লক্ষ্য ছিল গ্রামীণ শাসন ব্যবস্থায় যুব সমাজের সক্রিয় অংশগ্রহণ বৃদ্ধি করা এবং পঞ্চায়েত রাজ ব্যবস্থা সম্পর্কে সচেতনতা গড়ে তোলা। আয়োজক সংস্থার পক্ষে জেলা যুব আধিকারিক অজিত কুমার জানান, এই ধরনের উদ্যোগ তরুণ প্রজন্মকে গণতান্ত্রিক প্রক্রিয়ায় অংশগ্রহণে উৎসাহিত করে এবং ভবিষ্যতের নেতৃত্ব গড়ে তুলতে সহায়তা করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা, পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপার নমিত পাঠক প্রমুখ।

Assembly :

অনির্দিষ্টকালের জন্য মূলতবি থাকা ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার নবম অধিবেশন আগামী ৩০শে এপ্রিল, সকাল ১১টায় পুনরায় বসছে। ত্রিপুরা বিধানসভার কার্যপ্রণালী এবং নিয়মাবলী বিধির ১৯ নং অনুচ্ছেদ অনুযায়ী

রাজ্য বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া দ্বিতীয় পর্যায়ে বিধানসভার এই অধিবেশন পুনরায় আহ্বান করেছেন।

SARAS Aajeevika Melas :

দেশজুড়ে গ্রামীণ জীবনযাত্রা, নারী উদ্যোক্তা এবং ঐতিহ্যবাহী কারুশিল্পের প্রসারের লক্ষ্যে, পল্লী উন্নয়ন মন্ত্রক চলতি অর্থবর্ষের জন্য জাতীয় স্তরের সরস আজীবিকা মেলার ক্যালেন্ডার চূড়ান্ত করেছে। মন্ত্রক জানিয়েছে, সরস আজীবিকা মেলা ২০২৬ আগামী ২২শে অক্টোবর থেকে ৬ই নভেম্বর পর্যন্ত গুরুগ্রামে অনুষ্ঠিত হবে। এরপরে ২১শে নভেম্বর থেকে ৮ই ডিসেম্বর পর্যন্ত নতুন দিল্লির সুন্দর নার্সারিতে সরস খাদ্য উৎসব ২০২৬ অনুষ্ঠিত হবে।

NQAS - South :

দক্ষিণ জেলা হাসপাতালকে ন্যাশনাল কোয়ালিটি এস্যুরেন্স স্ট্যান্ডার্ডসে উন্নীত করার লক্ষ্যে গতকাল হাসপাতালের কনফারেন্স হলে দক্ষিণ জেলার জেলাশাসক সাজ্জাদ পি-র পৌরহিত্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে জেলা হাসপাতালের পরিষেবার মানোন্নয়ন, রোগীদের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং হাসপাতালের সামগ্রিক পরিকাঠামো নিয়ে বিস্তারিত আলোচনা হয়। জেলাশাসক হাসপাতালের বিভিন্ন বিভাগের বর্তমান কাজের অগ্রগতি পর্যালোচনা করেন এবং যেখানে ঘাটতি রয়েছে, তা দ্রুত চিহ্নিত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন।

All Party Meeting :

খোয়াই জেলাশাসকের কার্যালয়ে গতকাল জেলাশাসক রজত পন্ডের পৌরহিত্যে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক বৈঠক

অনুষ্ঠিত হয়। বৈঠকে বিজেপি, আইএনসি, সিপিআই(এম), আই.পি.এফ.টি, তিপরী মথা রাজনৈতিক দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

DM SP Visit :

দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক সাজ্জাদ পি এবং জেলা পুলিশ সুপার মোর্য় কৃষ্ণা সি গতকাল বিলোনীয়া মহকুমার ঋষ্যমুখ ব্লক এলাকা পরিদর্শন করেন। পরিদর্শনকালে তারা ঋষ্যমুখ বাজারের ব্যবসায়ী ও এলাকার লোকজনদের সাথে কথা বলেন এবং বাজারের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত হন। এছাড়া সংশ্লিষ্ট এলাকায় আইন শৃঙ্খলাও খতিয়ে দেখেন।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কোন কোন স্থানে বজ্রপাতের সাথে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় গরম ও আদ্রতা আরো বাড়বে বলে আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস।
